



যায়যায়দিন, ০২-০৩-২০২৪, অনলাইন

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে অর্থনৈতিক গবেষণা সম্মেলন



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগ দুই দিনব্যাপী "৩য় ইস্ট ওয়েস্ট ইকোনমিক্স রিসার্চ কনফ্রেড ২০২৪" শিরোনামে গবেষণা সম্মেলনের আয়োজন করে। পহেলা থেকে দুই মার্চ রাজধানীর আফতাবনগরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এ সম্মেলন অনুষ্ঠিত হয়। এ ধরনের গবেষণা সম্মেলনের মাধ্যমে তরুণ গবেষকদের অর্থনীতিবিদ ও বিশেষজ্ঞদের কাছ থেকে গবেষণা শেখা, উপস্থাপন করা, এবং প্রতিক্রিয়া পাবার সুযোগ করে দেয়।

সম্মেলনের উদ্বোধনী অধিবেশনের বিষয় ছিল 'টেকসই এবং সরবরাহ ব্যবস্থাপনা'। মূল প্রবন্ধ উপস্থাপন করেন জার্মানির কুহেনে লজিস্টিক ইউনিভার্সিটির অধ্যাপক, ডক্টর অ্যালান সি. ম্যাককিনন। তিনি জলবায়ু সংকট মোকাবিলায় সরবরাহ ব্যবস্থাপনার ভূমিকা কি হতে পারে সে বিষয়ে বিশদ আলোচনা করেন। একইসঙ্গে তিনি আন্তর্জাতিক বাণিজ্যের বিভিন্ন ধাপের মধ্যে ব্যবধান কমিয়ে আনার তাগিদ দেন। তার মতে, আমাদের সম্পদের পুনর্ব্যবহার (রি-সাইকেলিং) বাড়াতে হবে। তিনি জলবায়ু সংকট মোকাবিলায় কম কার্বন ব্যবহার করতে যে উচ্চ খরচ হয় সেটাও কমিয়ে আনার ওপর জোর দেন। বিজ্ঞপ্তি